

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন্দ্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
বিভাগীয় কর্মকর্তার দপ্তর



জানুয়ারি /২০২৩ খ্রি: মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	ইঞ্জি: ফারুক আহম্মদ উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৫ জানুয়ারি ২০২৩খ্রিঃ
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং ৩৯৫, বিভাগীয় বন্দ্র অধিদপ্তর, চট্টগ্রাম।
উপস্থিতি	অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ও টিভিআই সমূহের প্রতিনিধি

বিভাগীয় বন্দ্র অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত জানুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভায় সভাপতি জনাব ইঞ্জি: ফারুক আহম্মদ সভার শুরুতে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তারপর তিনি টিভিআই সমূহের ভর্তি কার্যক্রম, এপিএ, শুদ্ধাচার, সিটিজেন চার্টার, জিআরএস, তথ্য অধিকার ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চান এবং টিভিআই এর প্রধানগণ তাদের প্রতিষ্ঠানের ভর্তি ও বিভিন্ন বিষয়গুলোর অগ্রগতি উপস্থাপন করেন। সেই সাথে উপপরিচালক, জনাব ইঞ্জি: ফারুক আহম্মদ সদ্য নিয়োগ প্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়ার বিষয়ে জনাব আলী আহাব রাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন। তিনি প্রতিষ্ঠান প্রধানদের উদ্দেশ্যে আরও বলেন যে, প্রত্যেক টিভিআই এর প্রধানগণকে আরও দায়িত্বশীল হতে হবে।

পরবর্তীতে অত্র কার্যালয়ের সহকারী পরিচালক, জনাব মো: আলী আহাব রাখা NISE Database এর এক্সেল শিট যতটুকু সম্পন্ন হয়েছে ততটুকু প্রধান কার্যালয়ে নির্ধারিত মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। তিনি টিভিআই সমূহের সকল সুপারিনটেনডেন্টকে এপিএ, শুদ্ধাচার, সিটিজেন চার্টার, জিআরএস, তথ্য অধিকার ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দ্বিতীয় কোয়ার্টারের সকল প্রতিবেদন প্রমানকসহ দ্রুত পুনরায় প্রেরণ করতে অনুরোধ জানান এবং তিনি আরও ব্যক্ত করেন যে, এখন থেকে ত্রৈমাসিক ভিত্তিতে বিদ্যুৎ ও জ্বালানি বিলের হিসাব নিয়মিত ভাবে প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।

#### সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

- ১। টিভিআইসমূহ হতে এপিএ, শুদ্ধাচার, জিআরএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও ইনোভেশন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক/ ১ম ষাণ্মাসিক প্রতিবেদন প্রমাণকসহ সঠিক ভাবে দাখিল করার জন্য সিদ্ধান্ত প্রদান করা হলো।
- ২। টিভিআই কর্তৃক NISE Database পূরণ করে সঠিক সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।
- ৩। সরকারি সিদ্ধান্তে মোতাবেক বিদ্যুৎ ও জ্বালানি বিল সাশ্রয়ের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

সর্বশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.১৩৪.২২.৩৭

তারিখ: ১২ মাঘ ১৪২৯

২৬ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সুপারিনটেনডেন্ট, খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি/কক্সবাজার/চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/লক্ষীপুর/নোয়াখালী টিভিআই।
- ২) জনাব মো: ফয়সাল কবির, সহকারী পরিচালক (কারিগরি), তথ্য প্রধানকারী কর্মকর্তা, বঙ্গ অধিদপ্তর, ঢাকা।
- ৩) সকল কর্মকর্তা/কর্মচারী, বিভাগীয় বঙ্গ অধিদপ্তর, চট্টগ্রাম।



মোঃ আলী আহাব রাখা  
সহকারী পরিচালক (কারিগরি)